ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৭৯

আগরতলা, ৭ মে, ২০২৫

**ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন ঃ পশ্চিম ত্রিপুরা জেলায়**
**১,২১০ জনকে রিভলভিং ফান্ড প্রদানের লক্ষ্যমাত্রা**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনে ২০২৫-২৬ অর্থবছরে পশ্চিম জেলার বিভিন্ন ব্লকের স্বসহায়ক দলের ১,২১০ জন সদস্যাকে রিভলভিং ফান্ড দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরমধ্যে পুরাতন আগরতলা ব্লকের ১৩৯ জন, জিরানীয়া ব্লকের ৬০ জন, বামুটিয়া ব্লকের ২৪০ জন, লেফুঙ্গা ব্লকের ৪০ জন, ডুকলি ব্লকের ২৮৮ জন, মান্দাই ব্লকের ১৭০ জন, মোহনপুর ব্লকের ১৪০ জন, হেজামারা ব্লকের ১০০ জন এবং বেলবাড়ি ব্লকের ৩৩ জন স্বসহায়ক দলের সদস্যাকে এই ফান্ড দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে ৮৮ জন সদস্যাকে এই রিভলভিং ফান্ড দেওয়া হয়েছে। এরমধ্যে পুরাতন আগরতলা ব্লকের ১০ জন, জিরানীয়া ব্লকের ৯ জন, বামুটিয়া ব্লকের ২২ জন, ডুকলি ব্লকের ৩০ জন, মোহনপুর ব্লকের ৮ জন এবং হেজামারা ব্লকের ৯ জন সদস্যাকে এই ফান্ড দেওয়া হয়েছে। রিভলভিং ফান্ড হিসেবে প্রতিজনে ২০ হাজার থেকে ৩০ হাজার টাকা দেওয়া হয়ে থাকে। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের পশ্চিম জেলা বিভাগ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******